# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## সিটিজেনস চার্টার

১. ভিশন ও মিশন

**ভিশন :** আধুনিক প্রযুক্তি নির্ভর বিশ্বমানের মানসম্মত শিক্ষা ও শিক্ষা ব্যবস্থাপনা নিশ্চিত করা।

**মিশন :** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষা সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টায় নৈতিক ও মূল্যবোধ সম্পন্ন সৎ, যোগ্য, দক্ষ ও দেশপ্রেমিক মানব সম্পদ সৃষ্টিতে বিভিন্ন প্রকারের কার্যকর সেবা প্রদান।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি :

২.১. নাগরিক সেবা :

২.১.১. কলেজ বিভাগ :

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ০১. | একাদশ শ্রেণির ছাত্র/ছাত্রীদের ভর্তি ও রেজিস্ট্রেশন | সংশ্লিষ্ট বছরের ভর্তি নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ে ভর্তি এবং রেজিস্ট্রেশন অনলাইনে সম্পন্ন করা হয়। | ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী | ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী | ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী নির্দিষ্ট সময়ে কার্যাদি সম্পন্ন করা হয়। | **ক) কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮ (অফিস)<br>ই মেইল: ic@jessoreboard.gov.bd<br>**খ) উপ-কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৫৭৩ (অফিস) |
| ০২ | বিষয়/শাখা পরিবর্তন | শিক্ষার্থীকে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে কলেজে দাখিল করতে হয়। সংশ্লিষ্ট কলেজকে লগইন প্যানেল থেকে অনলাইনে আবেদন সাবমিট করতে হয়। সোনালী সেবায় ফি জমা দিলে আবেদনের কাজ সম্পন্ন হয়। বোর্ড কর্তৃক অনুমোদনের পর কলেজ লগইন প্যানেলে অনুমিতপত্র আপলোড করা হয়। | ১। পূরণকৃত আবেদন ফরম (আবেদন ফরম এ বোর্ডের ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে পাওয়া যাবে।) | আবেদন সাবমিট করার পর 'সোনালী সেবা প্রিন্ট' অপশন থেকে নির্ধারিত ফিসহ অটোজেনারেটেড সোনালী সেবা ফরম প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিতে হবে। | আবেদনের কাজ সম্পন্ন হবার পর ০১ (এক) কার্যদিবস। | **ক) কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮ (অফিস)<br>ই মেইল: ic@jessoreboard.gov.bd<br>**খ) উপ-কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৫৭৩ (অফিস) |
| ০৩. | একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাড়পত্র | ছাড়পত্রের মাধ্যমে ভর্তির যৌক্তিক কারণ প্রদর্শন এবং প্রার্থিত কলেজে ভর্তির ন্যূনতম যোগ্যতা এবং আসন শূন্য থাকা সাপেক্ষে শিক্ষার্থীকে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে উভয় কলেজের সম্মতি নিয়ে বর্তমান কলেজে দাখিল করতে হয়। সংশ্লিষ্ট কলেজকে কলেজে লগইন প্যানেল থেকে অনলাইনে আবেদন সাবমিট করতে হয়। সোনালী সেবায় ফি জমা দিলে এবং প্রার্থিত কলেজ (বোর্ডের অভ্যন্তরে ছাড়পত্রের জন্য) তার লগইন প্যানেলে আবেদন 'অ্যাপ্রুভ' করলে আবেদনের কাজ সম্পন্ন হয়। | ১। ছাড়পত্র চাওয়ার (অভিভাবকের বদলী/ বাসস্থান পরিবর্তন ইত্যাদি) স্বপক্ষে প্রমাণপত্র।<br>আবেদন ফরম এ বোর্ডের ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে পাওয়া যাবে। | ৮০০/- (আটশত) টাকা।<br>আবেদন সাবমিট করার পর 'সোনালী সেবা প্রিন্ট' অপশন থেকে নির্ধারিত ফিসহ অটোজেনারেটেড সোনালী সেবা ফরম প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিতে হবে। | আবেদনের কাজ সম্পন্ন হবার পর ০১ (এক) কার্যদিবস। | **ক) কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮ (অফিস)<br>ই মেইল: ic@jessoreboard.gov.bd<br>**খ) উপ-কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৫৭৩ (অফিস) |

মোঃ আব্দুস সালাম আজাদ
আই ডি নং-০১২৫৬৩
অডিট অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৪. | ভর্তি বাতিল | শিক্ষার্থীকে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে কলেজে দাখিল করতে হয়। সংশ্লিষ্ট কলেজকে লগইন প্যানেল থেকে অনলাইনে আবেদন সাবমিট করতে হয়। সোনালী সেবায় ফি জমা দিলে আবেদনের কাজ সম্পন্ন হয়। বোর্ড কর্তৃক অনুমোদনের পর কলেজ লগইন প্যানেলে অনুমতিপত্র আপলোড করা হয়। | ১। এসএসসি/সমমানের একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।<br>২। নিবন্ধন কার্ড প্রিন্ট হয়ে থাকলে মূল নিবন্ধন কার্ড।<br>(আবেদন ফরম এ বোর্ডের ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে পাওয়া যাবে।) | আবেদন সাবমিট করার পর 'সোনালী সেবা প্রিন্ট' অপশন থেকে নির্ধারিত ফিসহ অটোজেনারেটেড সোনালী সেবা ফরম প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিতে হবে। | আবেদন সম্পন্ন হবার পর<br>০১ কর্মদিবস | **ক) কলেজ পরিদর্শক**<br>**ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮ (অফিস)**<br>**ই মেইল:**<br>**ic@jessoreboard.gov.bd**<br>**খ) উপ-কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৫৭৩ (অফিস) |
| ০৫. | দ্বি-নকল নিবন্ধন কার্ড | যশোর বোর্ডের নির্ধারিত আবেদন ফরমে কলেজের অধ্যক্ষের সুপারিশসহ আবেদন বোর্ডে জমা দিতে হয়। আবেদন যুক্তিযুক্ত হলে দ্বি-নকল নিবন্ধন কার্ড শিক্ষার্থীর হাতে হাতে প্রদান করা হয়। | ১) নিবন্ধন কার্ড হারিয়েছে/নষ্ট হয়েছে মর্মে স্থানীয় থানায় করা জিডির কপি। | ৪০০/- (চারশত)টাকা সোনালী ব্যাংকের অন-লাইন সেবা "সোনালী সেবা" এর মাধ্যমে ফি জমা দেয়া যাবে। যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিতে হবে। | ০১ কর্মদিবস | **ক) কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮ (অফিস)<br>ই মেইল:<br>ic@jessoreboard.gov.bd<br>**খ) উপ-কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৫৭৩ (অফিস) |
| ০৬. | কলেজ স্থাপন/ একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি/ বিষয়, বিভাগ খোলা/ কলেজের নাম পরিবর্তন। | সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শনের অনুমতিপত্রসহ এ বোর্ডের ওয়েবসাইটে "ই-অফিস ম্যানেজমেন্ট" মেনু থেকে প্রয়োজনীয় সংযুক্তিসহ অনলাইনে আবেদন করতে হয়। আবেদন প্রাপ্তির পর সরেজমিন পরিদর্শন করে প্রচলিত নীতিমালা অনুসারে পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের মতামতের জন্য প্রেরণ করা হয়।<br>শিক্ষা মন্ত্রণালয়ের সম্মতিপত্র পাওয়ার পর সম্মতিপত্রটি অধ্যক্ষের আবেদনপত্রসহ একই অনলাইন আইডিতে আপলোড করতে হয়। প্রচলিত নীতিমালার শর্তাদি পূরণ সাপেক্ষে প্রার্থিত অনুমতি প্রদান করা হয় এবং অনুমতিপত্র ওয়েবসাইটে এবং অনলাইন আইডিতে আপলোড করা হয়। | ১. অধ্যক্ষের আবেদনপত্র,<br>২। শিক্ষামন্ত্রণালয়ের অনুমতিপত্র/সম্মতিপত্র। | কলেজ স্থাপন : ১০,০০০/- (দশ হাজার টাকা)<br>পাঠদানের অনুমতি: ১০,০০০/- (দশ হাজার টাকা)<br>একাডেমিক স্বীকৃতি: ১০,০০০/- (দশ হাজার টাকা)<br>কলেজের নাম পরিবর্তন: ১৫,০০০/- (দশ হাজার টাকা)<br>বিষয় খোলা : ৩০০০/- (তিন হাজার) টাকা<br>বিভাগ খোলা: ৬,০০০/- (ছয় হাজার) টাকা।<br>এ বোর্ডের ওয়েবসাইটের "সোনালী সেবা" মেনু থেকে সংশ্লিষ্ট খাতে সোনালী সেবার ফরম প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় সেবা ফি জমা দিতে হবে। | পরিদর্শন প্রতিবেদন প্রেরণ: অনলাইনে আবেদন প্রাপ্তির পর ১৫ কর্মদিবস।<br><br>প্রার্থিত অনুমতি প্রদান: শিক্ষা মন্ত্রণালয়ের সম্মতিপত্রসহ অনলাইনে আবেদন প্রাপ্তির পর ০৩ কর্মদিবস। | **ক) কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮ (অফিস)<br>ই মেইল:<br>ic@jessoreboard.gov.bd<br>**খ) উপ-কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৫৭৩ (অফিস) |

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৭. | প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়ন | স্বীকৃতি নবায়নের (৩ বছরের জন্য) নির্ধারিত ফিস সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করতে হয়। আবেদন অনুমোদিত হলে স্বীকৃতি নবায়ন পত্র বোর্ডের আবেদন আইডিতে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১. নির্ধারিত তথ্য ফরম পূরণ ২) বিগত তিন বছরের ছাত্র/ছাত্রী সংখ্যা ও পরীক্ষার ফলাফল ৩) সংরক্ষিত ও সাধারণ তহবিলের ব্যাংক সনদ ৪) জমির হালনাগাদ খাজনা পরিশোধের রসিদ ৫) শিক্ষক/কর্মচারীর তালিকা ৬) বিজ্ঞানাগারের তথ্য ৭) লাইব্রেরিতে বইয়ের তথ্য ৮) সর্বশেষ অডিট রিপোর্ট ৯) বিগত অর্থ বছরের আয়-ব্যয় হিসাব বিবরণী ১০) বর্তমান কমিটি অনুমোদন পত্র ১১) সর্বশেষ স্বীকৃতি নবায়ন পত্র। | ১০,০০০/- (দশ হাজার) টাকা। এ বোর্ডের ওয়েবসাইটের ''সোনালী সেবা" মেনু থেকে সংশ্লিষ্ট খাতে সোনালী সেবার ফরম প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় সেবা ফি জমা দিতে হবে। | সর্বোচ্চ ২০ কর্মদিবস | **ক) কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮ (অফিস)<br>ই.মেইল:<br>ic@jessoreboard.gov.bd<br>**খ) উপ-কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৫৭৩ (অফিস) |
| ০৮. | নির্বাহী কমিটি/ এডহক কমিটি/ গভর্নিং বডি অনুমোদন | বেসরকারি স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠন সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯ অনুযায়ী নির্বাহী কমিটি/এডহক কমিটি/গভর্নিং বডি অনুমোদনের জন্য নির্ধারিত ফিস সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে অনলাইনে আবেদন করতে হয়। নির্বাহী কমিটি/এডহক কমিটি/গভর্নিং বডি অনুমোদন সংক্রান্ত পত্র বোর্ডের ওয়েবসাইটে এবং অনলাইন আইডিতে আপলোড করা হয়। | ক) নির্বাহী কমিটি: ১) সংস্থা পরিচালিত হলে সংস্থার অনুমোদনের কপি ২) প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যের দানের প্রামাণ্য কাগজপত্র ৩) জেলা প্রশাসক কর্তৃক দুইজন সদস্য মনোনয়নের কপি<br>খ) এডহক কমিটি: ১) সভাপতি হিসেবে তিন জনের নামের প্রস্তাব ২) জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক একজন অভিভাবক সদস্য ৩) জেলা শিক্ষা অফিসার কর্তৃক এক জন শিক্ষক সদস্য মনোনয়নের কপি ৪) পূর্বের গভর্নিং বডি/পরিচালনা কমিটির অনুমোদনপত্র।<br>গ) গভর্নিং বডি: ১) সভাপতি হিসেবে প্রবিধানমালার ৫(৩) উপধারা মোতাবেক তিনজনের নামের প্রস্তাব ২) প্রিজাইডিং অফিসার নিয়োগপত্র ৩) নির্বাচনী তফসিল ৪) ভোটার তালিকা ৫) চূড়ান্ত প্রার্থী তালিকা ৬) ফলাফল ৭) রেজুলেশন | ৩০০০/- (তিন হাজার) টাকা। সোনালী ব্যাংকের অন-লাইন সেবা "সোনালী সেবা" এর মাধ্যমে ফি জমা দেয়া যাবে। যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি নিকটবর্তী সোনালী ব্যাংকে জমা দিতে হবে। | ৭ (সাত) কর্মদিবস | **ক) কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮ (অফিস)<br>ই মেইল:<br>ic@jessoreboard.gov.bd<br>**খ) উপ-কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৫৭৩ (অফিস) |

মোঃ আব্দুস সালাম আজাদ
আই.ডি নং-০১২৫৬০
অডিট অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৯. | আপিল এন্ড আরবিট্রেশন কমিটি (কলেজ পর্যায়) | কলেজের শিক্ষক কর্মকর্তাদের চাকুরী হতে অব্যাহতি/চূড়ান্ত বরখাস্তের প্রস্তাব অনুমোদনের জন্য বা কলেজের শিক্ষক কোন প্রতিকার প্রার্থনা করে আপিল এন্ড আরবিট্রেশন কমিটির কাছে আবেদন দাখিল করতে পারেন। উভয় পক্ষের উপস্থিতিতে শুনানী গ্রহণ করে আবেদন পরীক্ষা নিরীক্ষাপূর্বক অনুমোদন/বাতিল করার সিদ্ধান্ত প্রদান করা হয়। | বাদী ও বিবাদীর বক্তব্যের সমর্থনে যাবতীয় কাগজপত্র। | ১। ব্যক্তির ক্ষেত্রে ২,০০০/- টাকা,<br>২। প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪,০০০/- টাকা<br>এ বোর্ডের ওয়েবসাইটের ''সোনালী সেবা" মেনু থেকে সংশ্লিষ্ট খাতে সোনালী সেবার ফরম প্রিন্ট করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় সেবা ফি জমা দিতে হবে। | আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত গ্রহণের পর সর্বোচ্চ ১০ কর্মদিবস। | **ক) কলেজ পরিদর্শক**<br>ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮ (অফিস)<br>ই মেইল:<br>ic@jessoreboard.gov.bd |

২.১.২. বিদ্যালয় বিভাগ:

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবি,ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের পাঠদানের অনুমতি | শিক্ষাবর্ষ শুরুর কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে অনুমতি ফি জমা দিয়ে বোর্ডে শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন সংক্রান্ত পত্রসহ আবেদন করতে হয়। প্রস্তাবিত বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশিত ছক মোতাবেক পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। শিক্ষা মন্ত্রণালয় পাঠদানের অনুমতির বিষয়ে সম্মতি জ্ঞাপন করলে চূড়ান্তপত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১) বিদ্যালয়ের নামে শর্তমুক্ত জমির দলিল, নাম খারিজ পর্চা ও অখন্ড সনদ ২) হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ ৩) শিক্ষক-কর্মচারীর নামের তালিকা, নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ও সনদপত্র (নিবন্ধনকৃত) ৪) পার্শ্ববর্তী ০৪(চারটি) প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র ও শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তালিকা (স্ব-স্ব বিদ্যালয়ের প্যাডে) ৫) পার্শ্ববর্তী ০৪(চারটি) বিদ্যালয়ের দূরত্বের সনদ ৬) শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তালিকা এবং লাইব্রেরিতে ১০০০ বইয়ের তালিকা ৭) সাধারণ তহবিলে ৩০,০০০/-টাকা এবং সংরক্ষিত তহবিলে ৩০,০০০/- টাকার ব্যাংক সনদ ৮) জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিদ্যালয় প্রতিষ্ঠা সম্পর্কে অনাপত্তিপত্র ০৯) ২০০/- টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ১০) এলাকার জনসংখ্যার সনদপত্র। ১১) ব্যক্তি নামে বিদ্যালয়ের নামকরণ বাবদ বিদ্যালয় তহবিলে ৬,০০০০০/-(ছয় লক্ষ) টাকা জমা দেয়ার ব্যাংক সনদ। | ৮০০০/-(আট হাজার) টাকা। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | শিক্ষা মন্ত্রণালয় সম্মতি জ্ঞাপনের পর ০৩ (তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID:<br>is@jessoreboard.gov.bd |

মোঃ আব্দুস সালাম আজাদ
আইডি নং-০১২৫৬০
অডিট অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২ | মাধ্যমিক বিদ্যালয়ের পাঠদানের অনুমতি | শিক্ষাবর্ষ শুরুর কমপক্ষে ০৬(ছয়) মাস পূর্বে অনুমতি ফি জমা দিয়ে বোর্ডে শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন সংক্রান্ত পত্রসহ আবেদন করতে হয়। প্রস্তাবিত বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশিত ছক মোতাবেক পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। শিক্ষা মন্ত্রণালয় পাঠদানের অনুমতির বিষয়ে সম্মতি জ্ঞাপন করলে চূড়ান্তপত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১) বিদ্যালয়ের নামে শর্তমুক্ত জমির দলিল, নাম খারিজ পর্চা ও অখন্ড সনদ ২) হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ ৩) শিক্ষক-কর্মচারীর নামের তালিকা, নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ও সনদপত্র (নিবন্ধনকৃত) ৪) পার্শ্ববর্তী ০৪(চারটি) প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র ও শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তালিকা (স্ব-স্ব বিদ্যালয়ের প্যাডে) ৫) পার্শ্ববর্তী ০৪(চারটি) বিদ্যালয়ের দূরত্বের সনদ ৬) শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তালিকা এবং লাইব্রেরিতে ২০০০ বইয়ের তালিকা ৭) সাধারণ তহবিলে ৩০,০০০/-টাকা এবং সংরক্ষিত তহবিলে ৫০,০০০/- টাকার ব্যাংক সনদ ৮) জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিদ্যালয় প্রতিষ্ঠা সম্পর্কে অনাপত্তিপত্র ৯) ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি ১০) ২০০/- টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ১১) এলাকার জনসংখ্যার সনদপত্র।১২) ব্যক্তি নামে বিদ্যালয়ের নামকরণ বাবদ বিদ্যালয় তহবিলে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জমা দেয়ার ব্যাংক সনদ। | ৮০০০/- টাকা। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | শিক্ষা মন্ত্রণালয় সম্মতি জ্ঞাপনের পর ০৩ (তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |
| ০৩ | নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক অস্থায়ী স্বীকৃতি | স্বীকৃতি প্রাপ্তির লক্ষ্যে কমপক্ষে ০১(এক) বার পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে আবেদন করতে হয়। প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির পর সরেজমিনে বিদ্যালয়টি পরিদর্শন করা হয়। সরেজমিনে পরিদর্শনের প্রতিবেদন বিদ্যালয় মঞ্জুরি কমিটির সভায় উপস্থাপন করা হয়। বিদ্যালয় মঞ্জুরি কমিটি যাচাইপূর্বক ১৯৯৭ সালের বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ( স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় বর্ণিত শর্ত পূরণ করলে স্বীকৃতি প্রদান করা হয়। একাডেমিক অস্থায়ী | ১) বিদ্যালয়ের নামে শর্তমুক্ত জমির দলিল, নাম খারিজ পর্চা ও অখন্ড সনদ ২) হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ ৩) শিক্ষক-কর্মচারীর নামের তালিকা, নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ও সনদপত্র (নিবন্ধনকৃত) ৪) শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তালিকা এবং লাইব্রেরিতে ১০০০ বইয়ের তালিকা ৫) সাধারণ তহবিলে ৩০,০০০/-টাকা এবং সংরক্ষিত তহবিলে ৩০,০০০/- টাকার ব্যাংক সনদ ৬) নির্বাহী | ৬০০০/- টাকা। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | বিদ্যালয় মঞ্জুরি কমিটির সম্মতির পর ০২(দুই) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |

মোঃ আব্দুস সালাম আজাদ
অডিট অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | স্বীকৃতিপত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | কমিটির রেজুলেশনের কপি ৭) বিগত ০৩ (তিন) বছরের জেএসসি পরীক্ষার ফলাফল। | | | |
| ০৪ | মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক অস্থায়ী স্বীকৃতি | স্বীকৃতি প্রাপ্তির লক্ষ্যে কমপক্ষে ০১(এক) বার পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে আবেদন করতে হয়। প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির পর সরেজমিনে বিদ্যালয়টি পরিদর্শন করা হয়। সরেজমিনে পরিদর্শনের প্রতিবেদন বিদ্যালয় মঞ্জুরি কমিটির সভায় উপস্থাপন করা হয়। বিদ্যালয় মঞ্জুরি কমিটি যাচাইপূর্বক ১৯৯৭ সালের বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান ( স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় বর্ণিত শর্ত পূরণ করলে স্বীকৃতি প্রদান করা হয়। একাডেমিক অস্থায়ী স্বীকৃতিপত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১) বিদ্যালয়ের নামে শর্তমুক্ত জমির দলিল, নাম খারিজ পর্চা ও অখন্ড সনদ ২) হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ ৩) শিক্ষক-কর্মচারীর নামের তালিকা,নিয়োগ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ও সনদপত্র(নিবন্ধনকৃত) ৪) শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তালিকা এবং লাইব্রেরিতে ২০০০ বইয়ের তালিকা ৫) সাধারণ তহবিলে ৩০,০০০/-টাকা এবং সংরক্ষিত তহবিলে ৫০,০০০/- টাকার ব্যাংক সনদ ৬) ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি ৭) বিগত ০৩ (তিন) বছরের এসএসসি পরীক্ষার ফলাফল। | ৮০০০/- টাকা। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | বিদ্যালয় মঞ্জুরি কমিটির সম্মতির পর ০২(দুই) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |
| ০৫ | স্বীকৃতি নবায়ন | স্বীকৃতি নবায়নের লক্ষ্যে নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে আবেদন করতে হয়। স্বীকৃতি নবায়নপত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১) জমির হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ ২) সাধারণ তহবিলে ৩০,০০০/-টাকা এবং সংরক্ষিত তহবিলে ৫০,০০০/- টাকার ব্যাংক সনদ ৩) ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি ৪) বিগত ০৩ (তিন) বছরের জেএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফল ৫) তিন সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক যাচাইকৃত অভ্যন্তরীণ অডিট রিপোর্ট ৬) ডিডি খুলনার সুপারিশ ৭) পূর্ববর্তী স্বীকৃতি নবায়নের পত্র। | ৬০০০/- টাকা (তিন বছরের জন্য) এবং ১২,০০০/-(পাঁচ বছরের জন্য)। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | ০৩ (তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |
| ০৬ | স্থায়ী স্বীকৃতি সংরক্ষণ | স্থায়ী স্বীকৃতি সংরক্ষণের লক্ষ্যে নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে আবেদন করতে হয়। স্থায়ী স্বীকৃতি সংরক্ষণপত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১) জমির হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ ২) সাধারণ তহবিলে ৩০,০০০/-টাকা এবং সংরক্ষিত তহবিলে ৫০,০০০/- টাকার ব্যাংক সনদ ৩) ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি ৪) বিগত ০৩ (তিন) বছরের জেএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফল ৫) তিন সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক যাচাইকৃত | ১৫০০/- টাকা (প্রতি বছরের জন্য)। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | ০৩ (তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | অভ্যন্তরীণ অডিট রিপোর্ট ৬) ডিডি খুলনার সুপারিশ ৭) পূর্ববর্তী স্থায়ী স্বীকৃতি সংরক্ষণ পত্র। | | | |
| ০৭ | অতিরিক্ত শ্রেণি শাখা | অতিরিক্ত শ্রেণি শাখা খোলার লক্ষ্যে নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে আবেদন করতে হয়। সংশ্লিষ্ট কাগজপত্র পাওয়ার পর বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-এর বরাবর প্রেরণ করা হয়। মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা প্রতিবেদনটি যাচাই বাছাই পূর্বক শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করেন। শিক্ষা মন্ত্রণালয় সম্মতি জ্ঞাপন করলে বোর্ড হতে অতিরিক্ত শ্রেণি শাখা খোলার চূড়ান্ত পত্র জারি করা হয়। চূড়ান্তপত্রটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১) জমির হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ ২) সাধারণ তহবিলে ৩০,০০০/-টাকা এবং সংরক্ষিত তহবিলে ৫০,০০০/- টাকার ব্যাংক সনদ ৩) ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি ৪) বিগত ০৩ (তিন) বছরের জেএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফল ৫) তিন সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক যাচাইকৃত অভ্যন্তরীণ অডিট রিপোর্ট ৬) স্বীকৃতি নবায়নের পত্র ৭) ম্যানেজিং কমিটির অনুমোদন পত্র ৮) ৩০০/- টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ৯) শ্রেণি ভিত্তিক শিক্ষার্থীর তালিকা এবং পরিদর্শনের দিন শিক্ষার্থীর উপস্থিতির তালিকা ১০) পার্শ্ববর্তী ০৪(চারটি) প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র ও শ্রেণিভিত্তিক ছাত্র-ছাত্রীর তালিকা (স্ব-স্ব বিদ্যালয়ের প্যাডে) | ২০০০/- টাকা (প্রতি শাখার জন্য)। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | শিক্ষা মন্ত্রণালয় সম্মতি জ্ঞাপনের পর ০৩(তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |
| ০৮ | বিভাগ ও বিষয় খোলা | বিভাগ বা বিষয় খোলার লক্ষ্যে নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে আবেদন করতে হয়। সংশ্লিষ্ট কাগজপত্র পাওয়ার পর বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদনের আলোকে অনুমোদন করা হয়। অনুমোদন পত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১) জমির হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ ২) সাধারণ তহবিলে ৩০,০০০/-টাকা এবং সংরক্ষিত তহবিলে ৫০,০০০/- টাকার ব্যাংক সনদ ৩) ম্যানেজিং কমিটির রেজুলেশনের কপি ৪) বিগত ০৩ (তিন) বছরের জেএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফল ৫) তিন সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক যাচাইকৃত অভ্যন্তরীণ অডিট রিপোর্ট ৬) স্বীকৃতি নবায়নের পত্র ৭) ম্যানেজিং কমিটির অনুমোদন পত্র ৮) শ্রেণি ভিত্তিক শিক্ষার্থীর তালিকা এবং পরিদর্শনের দিন শিক্ষার্থীর উপস্থিতির তালিকা ৯) ডিডি খুলনার সুপারিশ | বিভাগ প্রতি ৫০০০/-টাকা এবং বিষয় প্রতি ৩০০০/-টাকা। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |

21/08/22
মোঃ আব্দুস সালাম আজাদ
আই.ডি নং-০১২৫৬০
অডিট অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৯ | ম্যানেজিং কমিটি অনুমোদন | ম্যানেজিং কমিটি অনুমোদনের লক্ষ্যে নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হয়। ম্যানেজিং কমিটি অনুমোদন পত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। আবেদনের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯ এর ৭, ৮, ১৪ ও ২৯(৩) ধারা অনুসরণ করা হয়। | ১) প্রিজাইডিং অফিসার নিয়োগপত্র ২) নির্বাচনী তফশিল ৩) পত্রিকায় প্রকাশিত নির্বাচনী তফশীল ৪) প্রিজাইডিং অফিসার স্বাক্ষরিত নির্বাচনী ফলাফল ৫) প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে সভাপতি নির্বাচনের রেজুলেশন ৬) বিগত কমিটির প্রথম সভার (বিদ্যোৎসাহী সদস্য কো-অপ্ট) রেজুলেশন ৭) নির্বাচিত সদস্য ও সভাপতির বিরুদ্ধে কোন মামলা বা অভিযোগ নাই মর্মে প্রধান শিক্ষকের প্রত্যয়ন পত্র ৮) সভাপতির জীবনবৃত্তান্তে সভাপতির স্বাক্ষর অঙ্গীকারনামা ৮) প্রধান শিক্ষক স্বাক্ষরিত পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটির তালিকা | ৩০০০/- (তিন হাজার) টাকা । সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | ০৩ (তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |
| ১০ | এডহক কমিটি গঠনের অনুমতি | এডহক কমিটি গঠনের অনুমতির লক্ষ্যে বিদ্যালয় পরিদর্শক বরাবর অনলাইনে আবেদন করতে হয়। অনুমতি পত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১) বিগত কমিটির প্রথম সভার (বিদ্যোৎসাহী সদস্য কো-অপ্ট) রেজুলেশন ২) প্রধান শিক্ষকের বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন (বিদ্যালয়ের প্যাডে) ৩) বিগত কমিটির অনুমোদন পত্র। | ফিস প্রযোজ্য নয় | ০৩ (তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |
| ১১ | এডহক কমিটি অনুমোদন | এডহক কমিটি অনুমোদনের লক্ষ্যে নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হয়। অনুমোদন পত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। আবেদনের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯ এর ৩৯ ধারা অনুসরণ করা হয়। | ১) প্রধান শিক্ষকের বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন (বিদ্যালয়ের প্যাডে) ২) এডহক কমিটি গঠনের অনুমতি পত্র ৩) জেলা শিক্ষা অফিসার কর্তৃক ০১ জন শিক্ষক প্রতিনিধি মনোনয়নের কপি ৪) জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ০১ জন অভিভাবক প্রতিনিধি মনোনয়নের কপি ৫) সভাপতি হিসেবে ০৩ জনের নামের জীবনবৃত্তান্ত সহ তালিকা | ৩০০০/-(তিন হাজার) টাকা । সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | ০৩ (তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |
| ১২ | আপিল এন্ড আরবিট্রেশন (নালিশী): বোর্ড অনুমোদিত | বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হয়। আপিল এন্ড আরবিট্রেশন কমিটি বাদী ও বিবাদীর উপস্থিতিতে | ১) অভিযোগ গঠন ও কারণ দর্শানো নোটিশ জারি সংক্রান্ত কাগজপত্র ২) অভিযুক্ত শিক্ষকের লিখিত জবাব সংক্রান্ত কাগজপত্র ৩) ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন | ব্যক্তি পর্যায়ে-২০০০/-(দুই হাজার) এবং প্রতিষ্ঠান পর্যায়ে ৪০০০/-(চার হাজার) টাকা। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত | আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক সিদ্ধান্তের পর ০৩ (তিন) | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.b |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষকের চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে উপস্থাপন করা হয়। এ কমিটির অনুমোদন ছাড়া চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের কোনো সুযোগ নেই। | উভয় পক্ষের বক্তব্য শ্রবণ এবং প্রামাণ্য রেকর্ডপত্র যাচাই বাছাই করে অভিযুক্ত ব্যক্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে থাকে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ম্যানেজিং কমিটিকে দেয় পত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | সংক্রান্ত তথ্য ৪) ব্যক্তিগত শুনানি হয়ে থাকলে তার তথ্য ৫) তদন্ত কমিটির প্রতিবেদন ৬) ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত ৭) সাময়িক বরখাস্তের আদেশনামা ৯) পলাতক, নিরুদ্দেশ, বিদেশযাত্রা ইত্যাদি ক্ষেত্রে জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রদত্ত যোগদানের নির্দেশ সম্বলিত বিজ্ঞপ্তি প্রকাশ ( পেপার কাটিং সংযুক্ত করতে হবে) জীবনধারণ ভাতা দেয়া হয়েছে কিনা তার তথ্য। | সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | কর্মদিবস | d |
| ১৩ | অভিযোগ দায়ের/পরামর্শ | নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হয়। তদন্ত কমিটি গঠন এবং তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ। | অভিযোগকারীর অভিযোগ সুনির্দিষ্ট তথ্যসহ বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন। | ৫০০০/-(পাঁচ হাজার) টাকা। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর ০৩ (তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |
| ১৪ | বিদ্যালয়ের নাম পরিবর্তন | বিদ্যালয়ের নাম পরিবর্তনের লক্ষ্যে ফি জমা দিয়ে বোর্ডে শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন সংক্রান্ত পত্রসহ আবেদন করতে হয়। বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশিত ছক মোতাবেক পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। শিক্ষা মন্ত্রণালয় নাম পরিবর্তনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করলে চূড়ান্তপত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়। | ১) ম্যানেজিং কমিটির রেজুলেশন কপি ২) নাম পরিবর্তন সংক্রান্ত পত্রিকার বিজ্ঞপ্তি ৩) নাম পরিবর্তনের লক্ষ্যে নিম্ন মাধ্যমিকের ক্ষেত্রে ৬০০০০০/- এবং মাধ্যমিকের ক্ষেত্রে ১০,০০,০০০/- টাকা জেলা শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষক/ ম্যানেজিং কমিটির সভাপতির যৌথ স্বাক্ষরে পরিচালিত বিদ্যালয়ের তহবিলে জমাদানের রশিদ। ৪) ব্যাংক সনদ ৫) স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের অনাপত্তিপত্র ৬) জমির | ১০,০০০/-(দশ হাজার) টাকা। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | শিক্ষা মন্ত্রণালয় সম্মতি জ্ঞাপনের পর ০৩(তিন) কর্মদিবস | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | হালনাগাদ খাজনা পরিশোধের রশিদ ৭) সাধারণ তহবিলে ৩০,০০০/-টাকা এবং সংরক্ষিত তহবিলে ৫০,০০০/- টাকার ব্যাংক সনদ ৮) বিগত ০৩(তিন) বছরের জেএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফল ৯) তিন সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক যাচাইকৃত অভ্যন্তরীণ অডিট রিপোর্ট ১০) স্বীকৃতি নবায়নের পত্র ১১) ম্যানেজিং কমিটির অনুমোদন পত্র ১২) ৩০০/- টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ১৩) শ্রেণি ভিত্তিক শিক্ষার্থীর তালিকা এবং পরিদর্শনের দিন শিক্ষার্থীর উপস্থিতির তালিকা | | | |
| ১৫ | শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া | ৮ম ও ৯ম শ্রেণিতে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা হয়। নির্দিষ্ট সময়ে বোর্ডের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পূর্ণ অনলাইনে সম্পন্ন করা হয়। | প্রত্যেক বিদ্যালয় বোর্ডের বিজ্ঞপ্তি মোতাবেক নির্দিষ্ট সময়ে ৮ম ও ৯ম শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী শিক্ষার্থীর তালিকা অনলাইনে এ আপলোড করে সেই তালিকা অনুযায়ী নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা হয়। | (শিক্ষার্থী প্রতি ফি)<br>৮ম শ্রেণিঃ<br>রেজিঃ- ৫০/-(পঞ্চাশ) টাকা, স্কাউট ফিস- ১৫/-(পনের) টাকা, রেড ক্রিসেন্ট ফিস- ১০/-(দশ) টাকা ও জরিমানা-৫০/-(পঞ্চাশ) টাকা (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৯ম শ্রেণিঃ<br>রেজিঃ-১০০/- (একশত) টাকা, ক্রীড়া ফিস-৩০/-(ত্রিশ) টাকা, স্কাউটস/গার্লস গাইড ফিস-১৫/- (পনের) টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি-১০/- (দশ) টাকা, রেড ক্রিসেন্ট ফিস- ২০/- (বিশ) টাকা, বিএনসিসি-০৫/-(পাঁচ) টাকা ও জরিমানা-৫০/-(পঞ্চাশ) টাকা (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | সাধারণত শিক্ষাবর্ষের শুরুতে নির্ধারিত সময় অনুসারে | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd<br><br>এবং উপ-বিদ্যালয় পরিদর্শক |

মোঃ আব্দুস সালাম আজাদ
আই ডি নং-০১২৫৬০
অডিট অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | দ্বি-নকল রেজিস্ট্রেশন কার্ড | বোর্ডের নির্ধারিত ফরমে বিদ্যালয় প্রধানের সুপারিশসহ আবেদন করতে হয়। দ্বি-নকল রেজিস্ট্রেশন কার্ড আবেদনকারীর হাতে হাতে সরবরাহ করা হয়। | ১) দ্বি-নকল রেজিস্ট্রেশন কার্ডের জন্য আবেদনকারীকে দৈনিক পত্রিকায় শিক্ষাবর্ষ, শাখা, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, বোর্ডের নাম ইত্যাদি উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি দিতে হবে। বিজ্ঞপ্তিতে মূল রেজিস্ট্রেশন কার্ড হারিয়ে গেছে/পুড়ে বা অন্য কোনভাবে নষ্ট হয়েছে ইত্যাদি উল্লেখ করতে হবে। দ্বি-নকল রেজিস্ট্রেশন কার্ডের আবেদনপত্রের সাথে উক্ত বিজ্ঞপ্তির কাটিং ও থানার জিডি-এর কপি জমা দিতে হবে।<br>২) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল হিসেবে গণ্য হবে। | জেএসসি দ্বি-নকল রেজিস্ট্রেশন প্রত্যয়নপত্রের ফি ২০০/-(দুইশত) টাকা এবং এসএসসি দ্বি-নকল রেজিস্ট্রেশন প্রত্যয়নপত্রের ফি ৪০০/-(চারশত) টাকা।<br>সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে। | ০৩(তিন) কর্মদিবসের মধ্যে | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |
| ১৭ | অষ্টম/নবম/দশম শ্রেণির ছাড়পত্র | ১) আন্ত:বোর্ড ছাড়পত্রের ক্ষেত্রে বোর্ডের নির্ধারিত ফরমে ২(দুই) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আবেদন করতে হয়। আবেদন ফরমের সাথে নির্ধারিত ফি জমা দিতে হবে। ছাড়পত্রের অনুমোদনের পর ছাড়পত্র বোর্ডের ওয়েবসাইটে আপলোড করা হয়।<br>২) স্ব-স্ব বোর্ডের এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে ছাড়পত্রের ক্ষেত্রে সম্পূর্ণ electronic transfer certificate ( etc) এর মাধ্যমে সম্পূর্ণ হয়। যে প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থী ছাড়পত্র পেতে ইচ্ছুক সে প্রতিষ্ঠানের electronic transfer certificate ( etc) প্যানেল থেকে প্রতিষ্ঠান প্রধান সোনালী সেবার তথ্যসহ উক্ত শিক্ষার্থীর আইডি থেকে তার কাঙ্ক্ষিত প্রতিষ্ঠানে submit করবে। কাংখিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান উক্ত আবেদন Accept করলে স্বয়ংক্রিয়ভাবে ছাড়পত্রের আদেশ জারি হয়ে যাবে। | ১) অষ্টম শ্রেণির ছাত্র/ছাত্রীর ক্ষেত্রে ৭ম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণের মূল প্রোগ্রেস রিপোর্ট ২) ৯ম শ্রেণির ছাত্র/ছাত্রীর ক্ষেত্রে জেএসসি পরীক্ষায় উত্তীর্ণের সনদ/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি ৩) ১০ম শ্রেণির ছাত্র/ছাত্রীর ক্ষেত্রে জেএসসি পরীক্ষায় উত্তীর্ণের সনদ/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি ও ৯ম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণের মূল প্রোগ্রেস রিপোর্ট ৪) বিদ্যালয় পরিবর্তনের ফি বাবদ সোনালী সেবার মাধ্যমে ৮০০/-(আটশত) টাকা জমা রশিদ ৫) বাসস্থান পরিবর্তনের বেলায় প্রার্থীত এলাকার ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যানের প্রত্যয়নপত্র ৬) সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে পিতা/মাতার বদলী আদেশের কপি। | ৮০০/-(আটশত) টাকা।<br>সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়া যাবে। বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি যে কোন সোনালী ব্যাংক থেকে জমা দেয়া যাবে।<br>সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে কোন ফিস প্রয়োজন হয় না পিতা/মাতার বদলী আদেশের ভিত্তিতে ছাড়পত্র প্রদান করা হয়। | ক) ০৭(সাত) কর্মদিবসের মধ্যে<br>খ) শিক্ষাবর্ষের নির্দিষ্ট সময়ে মধ্যে ০১ (এক ) কর্মদিবসের মধ্যে | ড. বিশ্বাস শাহিন আহম্মদ<br>বিদ্যালয় পরিদর্শক<br>ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫<br>e-mail ID: is@jessoreboard.gov.bd |

মোঃ আব্দুস সালাম আজাদ
আই ডি নং-০১২৫৬০
অডিট অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

২.১.৩. পরীক্ষা বিভাগ (মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও সনদ শাখা)

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী, ফোন নম্বর ও ইমেইল |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জেএসসি, এসএসসি, এইচএসসি-ও মূল সনদ | মূল সনদ মুদ্রণ, স্বাক্ষর ও প্রতিষ্ঠানওয়ারি পৃথকীকরণ ও সরবরাহ করা হয়। স্ব-স্ব প্রতিষ্ঠান বোর্ডে এসে গ্রহণ করবে। | প্রতিষ্ঠান প্রধানের আবেদনপত্র | প্রযোজ্য নয় | ফল প্রকাশের ৯০ দিনের মধ্যে | ক) পরীক্ষা নিয়ন্ত্রক<br>ফোন: ০২৪৭৭৭৬২৭১৪<br>e-mail: controller@jessoreboard.gov.bd<br>খ) উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডকুমেন্ট)<br>ফোন : ০২৪৭৭৭৬২৫২৮ |
| ০২ | বাংলায় সরবরাহকৃত সনদ/ নম্বরপত্র/ প্রবেশপত্রের ইংরেজি ভার্সন | পূর্বে সরবরাহকৃত বাংলা সনদ/ নম্বরপত্র/ প্রবেশপত্র টেবুলেশন বই যাচাই করে ইংরেজি ভার্সনে সরবরাহ করা হয়। বোর্ডের নির্ধারিত ফরমে আবেদন করলে আবেদকারীর ডকুমেন্ট হাতে হাতে সরবরাহ করা হয়। | ১। পূরণকৃত নির্ধারিত ফরম<br>২। যে সনদ/ নম্বরপত্র / প্রবেশপত্রের ইংরেজি ভার্সন চাইবে তার মূলকপি<br>৩। ফি জমার রশিদ | প্রতিটির জন্য ৬০০/- (ছয়শত) টাকা। সোনালী ব্যাংকের অন-লাইন সেবা "সেনালী সেবা" এর মাধ্যমে ফি জমা দিতে হবে। যশোর বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি নিকটবর্তী সোনালী ব্যাংকে জমা দিতে হবে। | ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে সরবরাহ করা হয়। | ক) পরীক্ষা নিয়ন্ত্রক<br>ফোন : ০২৪৭৭৭৬২৭১৪<br>e-mail: controller@jessoreboard.gov.bd<br>খ) উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডকুমেন্ট)<br>ফোন : ০২৪৭৭৭৬২৫২৮ |
| ০৩ | দ্বিনকল সনদ, নম্বরপত্র ও প্রবেশপত্র সরবরাহ করণ | দ্বি নকল সনদ, নম্বরপত্র ও প্রবশেপত্রের জন্য বোর্ডের নির্ধারিত ফরমে আবেদন করলে টেবুলেশন বই যাচাই করে তা আবেদনকারীর হাতে হাতে সরবরাহ করা হয়। | হারিয়ে গেলে অথবা কোন কারণে বিনষ্ট হলে যে সনদ, সনদ/ নম্বরপত্র বা প্রবেশপত্র হারিয়ে গেছে বা বিনষ্ট হয়েছে তার ফটোকপি, থানার জিজির কপি, দৈনিক পত্রিকার বিজ্ঞাপনের কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। সাথে ফি জমার রশিদ | প্রতিটির জন্য ফি ৬০০/- (ছয়শত) টাকা সোনালী ব্যাংকের অনলাইন সেবা "সোনালী সেবা" এর মাধ্যমে ফি জমা দেয়া যাবে। যশোর বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি নিকটবর্তী সোনালী ব্যাংকে জমা দিতে হবে। | ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে সরবরাহ করা হয়। | ক) পরীক্ষা নিয়ন্ত্রক<br>ফোন : ০২৪৭৭৭৬২৭১৪<br>e-mail: controller@jessoreboard.gov.bd<br>খ) উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডকুমেন্ট)<br>ফোন : ০২৪৭৭৭৬২৫২৮ |
| ০৪ | নাম/বয়স সংশোধন | পরীক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম এবং বয়স সংশোধন করে সকল প্রকার সনদ, নম্বরপত্র একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রবেশপত্র সংশোধন করা হয়। | একাডেমিক শাখা হতে সংশোধন সংক্রান্ত অনুমোদিত পত্র পাওয়ার পর পরীক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম এবং বয়স সংশোধনের ক্ষেত্রে সকল প্রকার সনদ/ নম্বরপত্র একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রবেশপত্র সংশোধন চিঠির সাথে জমা দিতে হয়। | প্রযোজ্য নয় | ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে সরবরাহ করা হয়। | ক) পরীক্ষা নিয়ন্ত্রক<br>ফোন : ০২৪৭৭৭৬২৭১৪<br>e-mail: controller@jessoreboard.gov.bd<br>খ) উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডকুমেন্ট)<br>ফোন : ০২৪৭৭৭৬২৫২৮ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৫ | সাময়িক সনদ সরবরাহ | মূল সনদ সরবরাহের পূর্বে উত্তীর্ণ পরীক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে সাময়িক সনদ সরবরাহ করা হয়। বোর্ডের নির্ধারিত ফরমে আবেদন করতে হয়। আবেদনকারীর হাতে হাতে সাময়িক সনদ সরবরাহ করা হয়। | আবেদন ফরমের সাথে প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি জমা দিতে হয়। | ফি ৫০০/- (পাঁচশত) টাকা সোনালী ব্যাংকের অনলাইন সেবা "সোনালী সেবা" এর মাধ্যমে ফি জমা দেয়া যাবে। যশোর বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি নিকটবর্তী সোনালী ব্যাংকে জমা দিতে হবে। | ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে সরবরাহ করা হয়। | ক) পরীক্ষা নিয়ন্ত্রক<br>ফোন : ০২৪৭৭৭৬২৭১৪<br>e-mail:<br>controller@jessoreboard.gov.bd<br><br>খ) উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডকুমেন্ট)<br>ফোন : ০২৪৭৭৭৬২৫২৮ |
| ০৬ | সনদ ও নম্বরপত্র যাচাই করণ | বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত ও অধ্যয়নরত ব্যক্তিবর্গের সনদ ও নম্বরপত্র যাচাই করে অবহিত করা হয়। প্রতিষ্ঠানের আবেদন ও বোর্ডের নির্ধারিত ফরমে আবেদন করতে হয়। পরীক্ষা নিয়ন্ত্রক ও উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ডকুমেন্ট) সনদের সত্যতা যাচাই করে আবেদনকারীর হাতে হাতে অথবা ডাক যোগে সরবরাহ করা হয়। | আবেদনের সাথে মূল সনদ এবং চাহিত সংখ্যক ফটোকপি জমা দিতে হয়। | ফি প্রতি মূল কপি ৩০০/- (তিনশত) এবং প্রতি ফটোকপির জন্য ২০০/- (দুইশত) টাকা। সোনালী ব্যাংকের অনলাইন সেবা "সোনালী সেবা" এর মাধ্যমে ফি জমা দেয়া যাবে। যশোর বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে সংগৃহীত সোনালী সেবার রশিদের বিপরীতে নির্ধারিত ফি নিকটবর্তী সোনালী ব্যাংকে জমা দিতে হবে। | ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে সরবরাহ করা হয়। | ক) পরীক্ষা নিয়ন্ত্রক<br>ফোন : ০২৪৭৭৭৬২৭১৪<br>e-mail:<br>controller@jessoreboard.gov.bd<br><br>খ) উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডকুমেন্ট)<br>ফোন : ০২৪৭৭৭৬২৫২৮ |

28/08/22

মোঃ আব্দুস সালাম আজাদ
আই ডি নং-০১২৫৬০
অডিট অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

২.১.৪ একাডেমিক শাখা:

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নাম সংশোধন (নিজ নাম, পিতার নাম, মাতার নাম) | যশোর শিক্ষা বোর্ডের website এর মাধ্যমে আবেদনকারীর নাম, পিতার নাম ও মাতার নাম সংশোধনের জন্য আবেদন গ্রহণ করা হয়। প্রতিটি আবেদন পত্রের সাথে প্রয়োজনীয় দাখিলকৃত কাগজপত্র যাচাই বাছাই পূর্বক ছোট ধরনের ভুল ই-ফাইলের মাধ্যমে কর্তৃপক্ষের অনুমোদের প্রেক্ষিতে সম্পন্ন করা হয়ে থাকে এবং সংশোধন পত্র প্রদান করা হয়। বড় ধরনের ভুল হলে কাগজ পত্র যাচাই পূর্বক নাম সংশোধনের সভায় আবেদনকারীর সাক্ষাৎকার গ্রহণ করা হয় এবং প্রামাণ্য কাগজপত্র ও সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং পরবর্তী বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে সংশোধন পত্র প্রদান করা হয়। | ১। অনলাইনে নির্ধারিত পূরণকৃত আবেদন ফরম<br>২। প্রধান শিক্ষক কর্তৃক প্রত্যয়নপত্র<br>৩। জন্ম সনদ/ পিইসি সনদ<br>৪। পিতা-মাতার NID কার্ড (প্রয়োজন ক্ষেত্রে)<br>৬। ৩০০/- টাকার নন জুডিসিয়াল স্টাম্পে(পিতা কর্তৃক/ পিতা না থাকলে মাতা, চাচা, বড় ভাই, খালু) কর্তৃক এফিডেভিটের মূল কপি, নির্ধারিত ফি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজ পত্র। | সেবা প্রতি আবেদনকারীর জন্য ১০০০/- ( এক হাজার) টাকা ফিস অনলাইনের সোনালী ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে ফিস জমা নেয়া হয়। | ক) ছোট ভুল সংশোধনের জন্য ই-ফাইলের মাধ্যমে ১০-১৫ দিনের মধ্যে এবং বড় ধরনের ভুল ৩০-৬০ দিনের মধ্যে নিষ্পত্তি করা হয়ে থাকে। | ১। সচিব<br>ফোন-০২৪৭৭৭৬২৭০১<br>মোবাইল: ০১৭৩৩২২২০০২<br>ই-মেইল : secretary@ jessoreboard.gov.bd<br><br>২। উপ সচিব(একাডেমিক)<br>ফোন-০৪২১-৬৮৬৫৬<br>০১৭১১-২৩৬৮৭২ |
| ০২ | বয়স সংশোধন | যশোর শিক্ষা বোর্ডের website এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আবেদনকারীগণ তাদের বয়স সংশোধনের জন্য আবেদন করেন। বয়স সংশোধনের ক্ষেত্রে সকল আবেদনকারীকেই বয়স সংশোধন কমিটির সভায় উপস্থিত হওয়ার জন্য মোবাইল ফোনে message পাঠানো হয়। প্রতিটি আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র যাচাই বাছাইপূর্বক বয়স সংশোধন কমিটিতে বয়স সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরবর্তীতে বোর্ডের website -এ প্রার্থীকে অবগত করা হয়।<br>বি: দ্র: পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০২(দুই) বছরের মধ্যে আবেদন করা যায়। দুই বছর অতিক্রান্ত হলে আবেদন করার সুযোগ থাকে না। | ১। প্রধান শিক্ষক কর্তৃক প্রত্যয়ন পত্র<br>২। ৩০০/-টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে এফিডেভিট<br>৩। জন্ম সনদ<br>৪। PEC সনদ<br>৫। বয়স প্রমাণের জন্য সিভিল সার্জনের সনদ | ১০০০/- (এক হাজার) সোনালী ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে ফিস জমা নেয়া হয়। | বয়স সংশোধনের জন্য ই-ফাইলের মাধ্যমে ৩০-৬০ দিনের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করা হয়। | ১। সচিব<br>ফোন- ০২৪৭৭৭৬২৭০১<br>মোবাইল: ০১৭৩৩২২২০০২<br>ই-মেইল : secretary@ jessoreboard.gov.bd<br><br>২। উপ সচিব(একাডেমিক)<br>ফোন-০৪২১-৬৮৬৫৬<br>০১৭১১-২৩৬৮৭২ |

মোঃ আব্দুস সালাম
যশোর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | বৃত্তি<br>JSC, SSC, HSC | মাউশি অধিদপ্তর হতে JSC, SSC, HSC ফলাফলের উপর বৃত্তি সংক্রান্ত প্রজ্ঞাপনের ভিত্তিতে বৃত্তির ফল বোর্ডের website এ-প্রকাশ করা হয়। | শিক্ষামন্ত্রণালয় ও মাউশি অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নীতিমালা | প্রযোজ্য নয় | প্রজ্ঞাপন জারির ১৫ দিনের মধ্যে | ১। সচিব<br>ফোন- ০২৪৭৭৭৬২৭০১<br>মোবাইল: ০১৭৩৩২২২০০২<br>ই-মেইল : secretary@ jessoreboard.gov.bd<br><br>২। উপ সচিব(একাডেমিক)<br>ফোন-০৪২১-৬৮৬৫৬<br>০১৭১১-২৩৬৮৭২ |

২.১.৫ হিসাব ও নিরীক্ষা শাখা:

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১. | পরীক্ষা, নিবন্ধন, দ্বিনকল/ ত্রি-নকল সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট, স্বীকৃতি, নবায়ন প্রভৃতিসহ যাবতীয় ফিস গ্রহণ | সোনালী ব্যাংকের অনলাইন সেবা 'সোনালী সেবা' সার্ভিসের মাধ্যমে জমা নেয়া হয় | সংশ্লিষ্ট শাখার বিজ্ঞপ্তি অনুযায়ী কাগজপত্রসহ সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার প্রামাণক বোর্ডের ওয়েবসাইটে জমা নেয়া হয় | বোর্ডের ওয়েবসাইটে প্রদর্শিত ফিসের তালিকা অনুযায়ী সোনালী ব্যাংকে সোনালী সেবা সার্ভিসের মাধ্যমে | ০১ কর্মদিবস | উপ-পরিচালক (হিওনি)<br>ফোন : ০২৪৭৭৭৬২৬৯৭<br>emdad6468@gmail.com |
| ২. | পরীক্ষক, প্রধান পরীক্ষক, নিরীক্ষক, প্রশ্নপত্র প্রণেতা ও প্রশ্নপত্র পরিশোধনকারী শিক্ষকদের যাবতীয় বিল পরিশোধ | ডাচ বাংলা ব্যাংকের মোবাইল একাউন্টে এস এম এস (রকেট সার্ভিস) সার্ভিসের মাধ্যমে প্রদান করা হয় | মূল্যায়নকৃত পরীক্ষার খাতার সংখ্যার বিবরণ নিয়োগপত্র বোর্ডের নির্ধারিত ওয়েবসাইটে জমা নেয়া হয় | আন্তঃশিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত সম্মানী/ পারিতোষিকের তালিকা অনুযায়ী | পরীক্ষার ফলাফল প্রকাশের ৬০ দিন হতে ৯০ দিনের মধ্যে | ঐ |
| ৩. | সরবরাহ সংক্রান্ত বিল | ডাকযোগে এবং হাতে হাতে বিল জমা নেয়া হয় | কার্যাদেশে বর্ণিত শর্তানুযায়ী | কার্যাদেশে ঘোষিত দর সোনালী ব্যাংকের চেকের মাধ্যমে পরিশোধ করা হয় | ০৩ কর্মদিবস | ঐ |
| ৪. | বিল সংক্রান্ত আবেদন ও অভিযোগ | আবেদন পত্র ও মৌখিক আলোচনা | সোনালী সেবার স্লিপ/ নিয়োগপত্র | বিনা মূল্যে | ০১ কর্মদিবস | ঐ |

৩. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংঙ্গে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্রমিক | কখন যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>নাম : জনাব মো: আব্দুস সালাম আজাদ<br>পদবি : অডিট অফিসার<br>ফোন :<br>মোবাইল : ০১৭১২২৭৮৬১৪<br>ই-মেইল : salamazad1976@gmail.com | ০২ মাস |
| ২ | | GRS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>নাম : জনাব মোহাম্মদ মোজাম্মেল হক চৌধুরী<br>পদবি : সহকারী প্রোগ্রামার<br>মোবাইল : ০১৯২০৯৪০৬২৬<br>ই-মেইল : mozammel179@gmail.com | |
| ৩ | GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | নাম : প্রফেসর ড. মোঃ আহসান হাবীব<br>পদবি : চেয়ারম্যান<br>ফোন : ০৪২১- ০২৪৭৭৭৬২৫১৪<br>মোবাইল : ০১৭১১৫৩৫৪২১<br>ই-মেইল : chairman@ jessoreboard.gov.bd | ০১ মাস |

৪. আপনার কাছে আমাদের প্রত্যাশা :

| ক্রমিক | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১) | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন জমা প্রদান |
| ২) | সঠিক সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস পরিশোধ করা |
| ৩) | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ে উপস্থিত থাকা। |

২৮/০৮
মোঃ আব্দুস সালাম আজাদ
আই ডি নং-০১২৫৬০
অডিট অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

স্বাঃ
( প্রফেসর মোঃ আব্দুল খালেক সরকার)
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
টেলিফোন: ০৪২১-৬৮৬৪৪
মোবাইল : ০১৭৩৩২২২০০২
secretary@ jessoreboard.gov.bd